

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড
প্রবাসী কল্যাণ ভবন, লেভেল-১৪
৭১-৭২ পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০
www.dmtcl.gov.bd

ঢাকা মহানগরী ও তৎসংলগ্ন পার্শ্ববর্তী এলাকার যানজট নিরসনে ও পরিবেশ উন্নয়নে অত্যাধুনিক গণপরিবহন হিসেবে ৬(ছয়)টি মেট্রোরেল সমন্বয়ে Dhaka Mass Transit Company Limited (DMTCL) এর আওতায় একটি শক্তিশালী নেটওয়ার্ক গড়ে তোলার নিমিত্ত সরকার নিম্নোক্ত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০ গ্রহণ করেছে:

সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ২০৩০

ক্রম	এমআরটি লাইনের নাম	পর্যায়	সম্ভাব্য সমাপ্তির সাল	ধরণ
১.	এমআরটি লাইন-৬	প্রথম	২০২৪	উড়াল
২.	এমআরটি লাইন-১	দ্বিতীয়	২০২৬	উড়াল ও পাতাল
৩.	এমআরটি লাইন-৫: নর্দান রুট		২০২৮	
৪.	এমআরটি লাইন-৫: সাউদার্ন রুট	তৃতীয়	২০৩০	
৫.	এমআরটি লাইন-২			
৬.	এমআরটি লাইন-৪			উড়াল

MRT Line-5: Southern Route

২০৩০ সালের মধ্যে গাবতলী হতে দাশেরকান্দি পর্যন্ত উড়াল ও পাতাল সমন্বয়ে ১৭.৪০ কিলোমিটার দীর্ঘ (পাতাল ১২.৮০ কিলোমিটার এবং উড়াল ৪.৬০ কিলোমিটার) এবং ১৫টি স্টেশন (পাতাল ১১টি এবং উড়াল ৪টি) বিশিষ্ট মেট্রোরেল নির্মাণের নিমিত্ত প্রাক-সম্ভাব্যতা যাচাই সম্পন্ন করা হয়েছে। গত ২১ এপ্রিল ২০২১ তারিখ নিয়োজিত পরামর্শক প্রতিষ্ঠান কাজ শুরু করেছে। Feasibility Study, বিভিন্ন ধরণের সার্ভে ও Engineering Design এর কাজ চলমান রয়েছে। Feasibility Study'র অগ্রগতি ৯৭.০০% এবং Engineering Design কাজের অগ্রগতি ৬৬.০০%। বিনিয়োগ প্রকল্পের ডিপিপি প্রণয়নের কাজ চলমান আছে।